**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**8 MARCH 2025** **7:35AM**

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে স্বাস্থ্যকর ভারতের লক্ষ্য নিশ্চিত করার উদ্দেশ্যে জনসাধারণকে উৎকৃষ্ট মানের ও সুলভ ঔষধ প্রদানের দায়বদ্ধতাকে প্রতিফলিত করতে হবে । গতকাল জনৌষধি দিবস উপলক্ষ্যে এক বার্তায় শ্রী মোদী দেশের প্রতিটি প্রান্তে কিভাবে গুণগত মানের ঔষধ লাভ করা গেছে ,কিভাবে সুলভ মূল্যের ঔষধ পরিবারগুলির অর্থ সাশ্রয় করতে সহায়তা করেছে এবং কিভাবে ভারতের জনৌষধি সমগ্র বিশ্বকে অনুপ্রাণিত করেছে সে বিষয়ে জানান ।

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা প্রধানমন্ত্রী জনৌষধি যোজনা সকলকে স্বাস্থ্য সেবার সুবিধা লাভ করার ক্ষেত্রে যুগান্তকারী ভূমিকা পালন করেছে বলে মন্তব্য করেন ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আগামী ১৪ ই মার্চ তিনদিনের সফরে আসামে আসছেন ।১৫ ই মার্চ সকালে তিনি আসাম পুলিশের প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধন করবেন এরপর তিনি মিজোরামের উদ্দেশ্যে রওয়ানা হবেন ।আইজলে উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলোর রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রীদের এক সম্মেলনে অংশগ্রহণ

করে তিনি রাতে গুয়াহাটী ফিরে আসবেন ।শ্রী শাহ্ গুয়াহাটীতে মন্ত্রীসভার সদস্য তথা দলীয় কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হওয়ার কথা রয়েছে ।১৬ মার্চ তিনি কোকরাঝারে সারা বড়ো ছাত্রসংস্থার কেন্দ্রীয় অধিবেশনে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন । কোকরাঝার থেকে শ্রী শাহের দিল্লী ফিরে যাবার কথা রয়েছে ।

---

## সমগ্র দেশে আজ যথাযোগ্য মর্যাদার সাথে আন্তর্জাতিক নারী দিবস পালন করা হচ্ছে ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্ম আজ আর্ন্তজাতিক নারী দিবস উপলক্ষে সকলকে শুভাচ্ছা জানিয়েছেন ।এক বার্তায় শ্রী মূর্মূ বলেনে যে এই দিবসে মহিলাদের অর্জন করা বিভিন্ন ক্ষেত্রে সাফল্য এবং দেশ তথা সমাজের জন্য তাদের অনবদ্য অবদানকে সম্মান জানানো হয় ।শ্রী মতী মূর্মূ বলেন মহিলারা পরিবার সমাজ ও রাষ্ট্র গঠনে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে থাকেন ।

এদিকে আকাশবানীর সংবাদ বিভাগ আর্ন্তজাতিক নারী দিবস এক অনন্যভাবে পালন উপলক্ষে গতকাল মধ্য রাত থেকে সব হিন্দি ও ইংরেজীতে সংবাদ পাঠ মহিলা পাঠকরা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে আর্ন্তজাতিক নারী দিবস উদযাপন করা হবে ।

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে এবং জেলা সমাজকল্যাণ বিভাগের সহযোগীতায় শিলচর গুরুচরণ কলেজ অডিটোরিয়ামে সকাল ১১ টা থেকে আর্ন্তজাতিক নারী দিবস উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

হাইলাকান্দি জেলার শ্রীকিষাণ - সারদা কলেজের উদ্যোগে জেলার এডুকেশন কমপ্লেক্সের প্রেক্ষাগৃহে সকাল সাড়ে ১০ টা থেকে আর্ন্তজাতিক নারী দিবস উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এতে জেলার পাঁচ জন মহিলাকে সম্বর্ধনা জানানো হবে এবং একটি আলোচনা সভারও আয়োজন করা হয়েছে ।

অনুরূপভাবে শ্রীভূমি জেলায়ও **আজ** আর্ন্তজাতিক নারী দিবস উপলক্ষ্যে নানা কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।

---

আসামের স্বাস্থ্যসেবার মানোন্নয়নের লক্ষে রাজ্যের স্বাস্থ্য ওপরিবার কল্যান মন্ত্রী অশোক সিংহল গতকাল এক গুরুত্বপূর্ন জেলা পর্যালোচনা বৈঠকের আয়োজন করেন ।দিসপুরের জনতা ভবনে অনুষ্ঠিত এই বৈঠকে বিভাগীয় জেলা পর্যায়ের কর্মী আধিকারিকরা সহ বিভিন্ন জেলার বিধায়করা অংশ নেন । হাইলাকান্দির অভিবাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল ও এই বৈঠকে উপস্থিত ছিলেন ।
ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে অনুষ্ঠিত বৈঠকে রাজ্যের সামগ্রীক স্বাস্থ্য ব্যবস্থা , নতুন পরিকাঠামো , চলতি প্রকল্প সহ বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করা হয় ।বৈঠকে বিশেষ করে গতকাল থেকে শুরু হোয়া ১৪ ই মার্চ পর্যন্ত স্বাস্থ্য ক্ষেত্রে স্বচ্ছতা অভিযান চালানোর জন্য গুরুত্ব আরোপ করা হয় ।

---

কাছাড় জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে জানানো হয়েছে যে আজ শিলচর জেলা জজ ও দায়রা আদালত প্রাঙ্গনে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । লোক আদালতে আপোষ মিমাংসা যোগ্য মামলাগুলির শুনানী গ্রহন করা হবে । জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে জাতীয় লোক আদালতের সুযোগ গ্রহন করতে অনুরোধ করা হয়েছে ।

---

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে আগামী ১৫ই মার্চ দোল যাত্রা উপলক্ষ্যে স্থানীয় ছুটি ঘোষনা করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে আগামী ১৫ই মার্চ রাজ্য সরকারের সব কার্য্যলয় , রাজস্ব ,ম্যাজিষ্ট্রেট আদালত , শিক্ষা প্রতিষ্ঠান ও আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকবে । বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে যে জরুরী পরিষেবা যথারীতি চালু থাকবে । এছাড়া পূর্ব নির্ধারিত পরীক্ষা , লিখিত পরীক্ষা , সাক্ষাৎকার , সংশ্লিষ্ট প্রশাসনিক কার্য্যসূচী সময় অনুযায়ী অব্যাহত থাকবে ।

---

শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের শতবর্ষ পূর্তী উপলক্ষে আগামী ১৫ ই মার্চ থেকে সপ্তাহব্যাপী বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।কার্যসূচীর মধ্যে রয়েছে ১৫ ই মার্চ রামকৃষ্ণ মঠ ও মিশনের বিভিন্ন শাখা কেন্দ্রের সন্যাসী ও ব্রহ্মচারী মহারাজদের শিলচর মিশনে আগমন , মা সারদা দাতব্য চিকিৎসালয় উদ্বোধন , ১৬ ই মার্চ সকাল সাড়ে ৬ টায় বর্ণাঢ্য শোভাযাত্রা , ১৮ ই মার্চ নবনির্মীত মন্দিরের দ্বারোদঘাটন ,এছাড়া অন্যান্য কার্যসূচীর মধ্যে রয়েছে প্রতিদিন সন্ধ্যা আরতির পর ভক্তিমূলক সঙ্গীতের অনুষ্ঠান , নাটক ইত্যাদি ।

---

---